

বিদেশে পড়তে যাওয়া শিক্ষার্থীর হিসাব নেই : শিক্ষামন্ত্রী

যায়যায়দিন রিপোর্ট

প্রতিবছর বাংলাদেশ থেকে কতজন শিক্ষার্থী বিদেশে পড়াশোনা করতে যায় এবং বর্তমানে কতজন পড়াশোনা করছে তার কোনো পরিসংখ্যান নেই। সরকারের কাছে।

গতকাল জাতীয় সংসদের প্রোগ্রামের পূর্বে তথ্য আলীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী আরো জানান, কোনো বিদেশি সরকার বৃত্তি প্রদান করে প্রার্থী নির্বাচনের অনুরোধ জানানো শিক্ষা মন্ত্রণালয় শিক্ষার্থী মনোনীত করে। এ পদ্ধতিতে বিভিন্ন স্কলারশিপের অধীনে বছরে ৩০০ জন শিক্ষার্থীকে বিদেশে পড়াশোনার জন্য মনোনীত করা হয়।

তিনি আরো জানান, বাংলাদেশের শিক্ষার্থীরা সাধারণত দুইভাবে বিদেশে পড়াশোনা করতে যায়। প্রথমত নিজ খরচে ও নিজ উদ্যোগে এবং দ্বিতীয়ত স্কলারশিপের মাধ্যমে। সরকারের সিক্সত অনুযায়ী এনওপি গ্রহণের প্রয়োজনীয়তা নেই। ফলে বিপুলসংখ্যে স্কলারশীপ নিজ খরচ এবং উদ্যোগে বিনা বাধায় বিদেশে পড়াশোনার জন্য যায়। অনেক দেশের দুত্বাস বৃত্তির সরাসরি প্রার্থী নির্বাচন করে থাকে।

নাসরিন আহান রডার প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রকল্পগুলোর মাধ্যমে ২ হাজার ৭০৪টি কম্পিউটার সরবরাহ করা হয়েছে। এছাড়াও নির্বাচন কমিশন থেকে প্রায় ১ হাজার ৪০০টি ল্যাপটপ বিভিন্ন প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে।